তারিখ ৮।১।৮৪
পৃষ্ঠা ১ কলাম ১

দৈনিক বাংলা

003

# আরো চার মন্ত্রীর শপথ গ্রহণ

শনিবার বিকেলে বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে আরো চারজন নতুন মন্ত্রীকে শপথ গ্রহণ করানো হয়।

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ নবনিযুক্ত মন্ত্রীদের শপথ বাক্য পাঠ করান।

নয়া মন্ত্রীরা হচ্ছেন: ডঃ এ মজিদ খান, জনাব এ আর ইউসুফ জনাব আনিসুল ইসলাম মাহমুদ ও ডঃ টি আই এম ফজলে রাব্বি চৌধুরী।

এই চারজন নয়া মন্ত্রীকে নিয়ে মন্ত্রিসভার সদস্য সংখ্যা দাঁড়ালো এগার।

ডিসিএমএলএ রিয়ার এডমিরাল সুলতান আহমদ ও ডিসিএমএলএ এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ মন্ত্রিবর্গ এবং উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

গত ১৫ই ডিসেম্বর জাতির উদ্দেশে ভাষণে প্রেসিডেন্টের

শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ

## শপথ গ্রহণ

(১ম পৃঃ পর)

ঘোষণা মোতাবেক কোন মন্ত্রীই আসন্ন সংসদ নির্বাচনে অংশ নেবেন না।

### কার কোন দফতর

এদিকে প্রেসিডেন্ট নবনিযুক্ত মন্ত্রীদের নিম্নোক্ত দফতর বরাদ্দ করেছেন:

ডঃ এ মজিদ খান—পরিকল্পনা মন্ত্রণালয়।

জনাব এ আর ইউসুফ—তথ্য মন্ত্রণালয়, আইন ও বিচার মন্ত্রণালয় এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বেসামরিক বিমান চলাচল ও পর্যটন বিভাগ।

জনাব আনিসুল ইসলাম মাহমুদ—শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়।

ডঃ টি আই এম ফজলে রাব্বি চৌধুরী—ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়।